

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৮৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ নিশ্চয়েই সালাত বিনষ্ট হয় কুকুর, গাধা ও নারী সামনে দিয়ে অতিক্রম করার কারণে; এগুলো সামনে আড়াআড়িভাবে থাকা অথবা এগুলো কুকুর, গাধা ও নারী হওয়ার কারণে সালাত বিনষ্ট হয়ে যায় না

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ صَلَاةَ الْمَرْءِ إِنَّمَا تُقْطَعُ مِنْ مُرُورِ الْكَلْبِ وَالْحِمَارِ وَالْمَرْأَةِ لَا كَوْنِهِنَّ وَاعْتِراضِهِن

আরবী

2384 _ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْوَلِيدِ الْبُسْرِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنِ الصَّامِتِ عَنْ الْأَعْلَى قَالَ: حَدَّثَنَا هِشَامٌ بْنُ حَسَّانَ عَنْ حُمَيْد بْنِ هِلَالٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ عَنْ أَبِي ذَرِّ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (تُعادُ الصَّلَاةُ مِنْ مَمَرِّ الْحِمَارِ المرأة والكلب الأسود) قلت ما بال الأسود من الأصْفَرِ مِنَ الْأَحْمَرِ؟ فَقَالَ: فَسَأَلْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَمَا سَأَلْتَنِي فَقَالَ: (الكلب الأسود شيطان) من الراوي : عَبْد اللَّهِ بْن الصَّامِتِ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2384 ا خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (3323): منحوه، وتقدم (2376).

বাংলা

২০৮৪. আব্দুল্লাহ বিন সামিত রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "নারী, গাধা ও কালো কুকুর সামনে দিয়ে অতিক্রম করার কারণে সালাতকে পুনরায় আদায় করতে হয়।"

রাবী বলেন, "আমি বললাম, লাল, হলুদ রং বাদ দিয়ে কালো রঙের কী হলো?" জবাবে তিনি বলেন, "তুমি আমাকে যেমন প্রশ্ন করেছো, আমিও তদ্রুপ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করেছিলাম, জবাবে তিনি বলেছিলেন, "কালো কুকুর হলো শয়তান।"[1]



ফুটনোট

[1] দারেমী: ১/৩২৯; তাবারানী আস সাগীর: ১১৬১; সহীহ ইবনু খুয়াইমাহ: ৮৩০; মুসান্নাফ আব্দুর রায্যাক: ২৩৪৮; তাবারানী আল কাবীর: ১৬৩২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬৯৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আন্দুল্লাহ বিন সামিত (রা.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন